

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১১১৯/২০২২

তারিখ: ২৬ এপ্রিল ২০২২
১৩ বৈশাখ ১৪২৯

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: আমানতের সুদ হার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

সুদ হার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১০৮৪/২১, নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১০৪১/২১ এবং নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ৮০৬/১৮ তারিখ যথাক্রমে ০২.১১.২০২১, ০২.০৬.২০২১ এবং ২৯.০৩.২০১৮-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. পরিচালনা পর্ষদের ২৬.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত ৭১তম সভার অনুমোদনক্রমে আমানতের সুদ হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো:


ক্রম	আমানতের খাতসমূহ	পুনঃনির্ধারিত সুদ হার
ক	স্থায়ী আমানত:	
ক.১	স্থায়ী আমানত (প্রাতিষ্ঠানিক)	
	৩ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৫.১০%
	৬ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৫.৩৫%
	১ বছর এবং তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্ধ্ব নয়	৫.৬০%
ক.২	স্থায়ী আমানত (ব্যক্তি পর্যায়ের মেয়াদি আমানত এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড, অবসরোত্তর পাওনাসহ বিবিধ পাওনা পরিশোধের লক্ষ্যে গঠিত তহবিল বাবদ রক্ষিত যেকোন পরিমাণ)	
	৩ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৫.৭৫%
	৬ মাস এবং তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৫.৮০%
	১ বছর এবং তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্ধ্ব নয়	৫.৮৫%
খ	Special Notice Deposit (SND)	
	১.০০ কোটির কম	২.৭৫%
	১.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ২৫.০০ কোটির কম	২.৭৫%
	২৫.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৫০.০০ কোটির কম	৩.০০%
	৫০.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ১০০.০০ কোটির কম	৩.০০%
	১০০.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৩০০.০০ কোটির কম	৩.২৫%
	৩০০.০০ কোটি ও তদূর্ধ্ব	৩.৫০%

পুনঃনির্ধারিত সুদ হার অবিলম্বে কার্যকর হবে।


পরিচালনা পর্ষদের ৩১.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত ৫৮তম সভার সিদ্ধান্ত এবং নির্দেশ বিজ্ঞপ্তি ৮০৬/১৮ তারিখ ২৯.০৩.২০১৮ এ উল্লিখিত আমানতের সুদ হার বিষয়ক বিশেষ নির্দেশনা বহাল থাকবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জারি করা হলো।

অন্যান্য ক্ষেত্রে আমানতের সুদহার ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।


২৬.০৪.২০২২
সুলতানা রাজিয়া
ডেপুটি জেনারেল ম্যানেজার

আপনাদের বিশ্বস্ত,


২৬/০৪/২০২২
মেঃ রমজান বাহার
জেনারেল ম্যানেজার